

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২ ১৫

আগরতলা, ৫ অক্টোবর, ২০২৩

আগরতলায় তৃতীয় আন্তর্জাতিক আগরভিত্তিক ক্ষেত্র বিক্রিতা সম্মেলন
রাজ্যে আগরভিত্তিক শিল্প স্থাপনের প্রচুর সম্ভাবনা রয়েছে : মুখ্যমন্ত্রী

রাজ্যে আগর শিল্পের প্রসার ও তার বিকাশে সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। ফলে রাজ্যে আগরকে ভিত্তি করে ব্যবসা ও বাণিজ্য সম্প্রসারণের বিশাল সম্ভাবনা তৈরি হয়েছে। এই ধরনের সম্মেলন আগরক্ষেত্রের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। আজ আগরতলার হোটেল পোলো টাওয়ারে তিনদিনব্যাপী তৃতীয় আন্তর্জাতিক আগরভিত্তিক ক্ষেত্র বিক্রিতা সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যে আগরভিত্তিক শিল্প স্থাপনের প্রচুর সম্ভাবনা রয়েছে। বর্তমানে রাজ্যের প্রায় ৫০ হাজার চাষী আগর চাষের সাথে যুক্ত রয়েছেন। তাছাড়াও ব্যবসায়ী, অফিসিয়াল সহ বহু মানুষ সরাসরি আগরভিত্তিক শিল্পের সাথে যুক্ত রয়েছেন। তাই রাজ্য সরকার আগরক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আন্তরিকতার সাথে কাজ করছে।

সম্মেলনে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে আগর শিল্পের বিকাশের সম্ভাবনা থাকলেও বিগত দিনে তা অবহেলিত ছিল। বর্তমান রাজ্য সরকার আগরচাষী সহ ব্যবসায়ীদের সুবিধার্থে আগর উড পলিসি প্রণয়ন করেছে। এই পলিসি বাস্তবায়নের কাজও ইতিমধ্যে শুরু হয়েছে। রাজ্যের আগরচাষীদের দক্ষ করে তোলার জন্য কেন্দ্রীয় স্কিল ডেভেলপমেন্ট কাউন্সিলের সঙ্গে টাইআপ করা হয়েছে। তাছাড়া রাজ্যে আগর উড বোর্ড স্থাপনের জন্যও রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের নিকট অনুরোধ জানানো হয়েছে।

সম্মেলনে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, বর্তমানে রাজ্যে শিল্প বাস্তব পরিবেশ রয়েছে। এরফলে রাজ্যে আগর সহ বিভিন্ন শিল্প স্থাপনে উদ্যোগীরা আগ্রহ দেখাচ্ছেন। রাবার ও বাঁশের পাশাপাশি আগরক্ষেত্রিও রাজ্যের অর্থনৈতিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। প্রধান মুখ্য বন সংরক্ষক কে এস শেষ্ঠি বলেন, আগর একটি মূল্যবান সম্পদ। রাজ্যের অর্থনৈতিক উন্নয়নে রাজ্য সরকার আগরক্ষেত্রের বিকাশে গুরুত্ব দিয়েছে। এক্ষেত্রে শিল্প ও বাণিজ্য দপ্তর এবং বন দপ্তর সম্মিলিতভাবে কাজ করছে।

সম্মেলনে অন্যান্যদের মধ্যে বক্তৃব্য রাখেন অতিরিক্ত প্রধান মুখ্য বন সংরক্ষক প্রবীন আগরওয়াল, কেন্দ্রীয় বন মন্ত্রকের অ্যাডিশনাল ডি঱েক্টর জেনারেল ড. এস পি যাদব প্রমুখ। সম্মেলনের শুরুতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত আগরভিত্তিক পণ্য প্রদর্শনীর স্টলগুলি পরিদর্শন করেন। উল্লেখ্য, তৃতীয় আন্তর্জাতিক আগরভিত্তিক ক্ষেত্র বিক্রিতা সম্মেলনে দেশ বিদেশের ১২০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেছেন। এরমধ্যে ৭ জন রয়েছেন বিদেশি প্রতিনিধি। তাছাড়াও দেশের বিভিন্ন বিখ্যাত সংস্থাগুলির প্রতিনিধি সহ উদ্যোগীগণ সম্মেলনে যোগ দিয়েছেন।
